গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৬৬.০১৫.২০.১৩৮৪ তারিখ: ১১ কার্তিক ১৪২৮
২৭ অক্টোবর ২০২১

বিষয়: **মানিকগঞ্জ জেলার ঘিওর উপজেলাধীন ঘিওর সিনিয়র মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।**

সূত্র: (১) ঘিওর সিনিয়র মাদ্রাসা, ঘিওর, মানিকগঞ্জ এর স্মারক নং-ঘি.সি.মা/৫২/(০২)২১; তারিখ: ১১.১০.২০২১ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা:২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪; তারিখ:০৯.০৯.২০১৫খ্রি. ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত (১) নং স্মারকে উল্লিখিত মাদ্রাসার অধ্যক্ষ এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে বিষয়োক্ত মাদ্রাসায় নিম্নেবর্ণিত পদে নিয়োগের লক্ষ্যে ছকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসেবে নিম্নলিখিত শর্তে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হলো-

ক্রমিকনং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	প্রতিনিধির নাম
০১.	ঘিওর সিনিয়র মাদ্রাসা, ঘিওর, মানিকগঞ্জ মোবা: নং-০১৭২০-১২৫৯৮৩	(০১) উপাধ্যক্ষ-০১টি (পদটি নবসৃষ্ট)	জনাব মো: জিয়াউল আহসান পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর মোবা: নং-০১৭১১৯৪৪৭২৫

শর্তাবলী:

০১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ:১১.১১.২০১৫ খ্রি: এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০. ০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ:৩০.১২.২০১৫ খ্রি: এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০২. কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবেনা।

০৩.কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল /পরিপত্রের অনুচ্ছেদ ৬.১ (ক), (খ) (গ), ও (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক প্যাটার্নভুক্ত শুন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করবেন।এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি,সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে।১৯ জুলাই,২০১৮ খ্রি: তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় অনুমোদিত পদের অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।

০৪.কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামো/পরিপত্রের অনুচ্ছেদ: ১১ (১) এবং পরিশিষ্ট ঘ" মোতাবেক চাকুরীতে প্রবেশের বয়স সীমা, কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।

০৫.মহিলা কোটা পুরণের ক্ষেত্রে ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামোর অনুচ্ছেদ: ৯ (নয়) এর গ" এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পুঙ্খানুপুঙ্খরুপে অনুসরণ করতে হবে।

০৬.প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্ণিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।

০৭.শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধিহিসেবে তাঁর নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর করতে হবে।

০৮. ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং নিয়োগ যোগ্য পদ ও কমিটি নিয়ে মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।

০৯.মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পুঙ্খানুপুঙ্খরুপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদরাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১

পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে" শর্তটি ডিজি'র প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদরাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

১১. **সংশ্লিষ্ট মাদ্রাসায় নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।** নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে তিনি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক , মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন ।

১২. ডি.জি মহোদয় মনোনয়ন পরিবর্তনের ক্ষমতা সংরক্ষন করেন উল্লেখ্য যে, মাদ্রাসার কমিটি, অধিভূক্তি, স্বীকৃতি এবং পত্রিকার মেয়াদ উত্তীর্ণের কারণে অথবা অন্য যেকোন কারণে নিয়োগ বোর্ড বাতিল হলে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানপূর্বক কমিটি, অধিভূক্তি ও স্বীকৃতির কপি এবং প্রয়োজনীয় অন্যান্য সকল কাগজ-পত্রসহ মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পূণরায় আবেদন করতে হবে।

সংযুক্তি: ০১ ফর্দ।

২৭-১০-২০২১
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

জনাব মো: জিয়াউল আহসান, পরিচালক (প্রশিক্ষণ ও
উন্নয়ন) মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৬৬.০১৫.২০.১৩৮৪/১(৮)

তারিখ: ১১ কার্তিক ১৪২৮
২৭ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ।
২) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩) উপজেলা নির্বাহী অফিসার, ঘিওর, মানিকগঞ্জ।
৪) উপ-পরিচালক (প্রশাসন), মাদরাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫) জেলা শিক্ষা কর্মকর্তা, মানিকগঞ্জ।
৬) অধ্যক্ষ, ঘিওর সিনিয়র মাদ্রাসা, ঘিওর, মানিকগঞ্জ ।
৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঘিওর, মানিকগঞ্জ ।
৮) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

২৭-১০-২০২১
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)